

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ কার্তিক ১৪৩১/১১ নভেম্বর ২০২৪

নং ১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-৬৪৮—বাংলাদেশ সূপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকা, যশোর, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, টাঙ্গাইল, খুলনা, রংপুর, বরিশাল, সিলেট, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, মিশোরগঞ্জ, মেহেন্দিগাঁও, শেরপুর, জামালপুর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, সাতক্ষীরা, বাগেরহাট, মৌলভীবাজারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, জয়পুরহাট, সিরাজগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, চট্টগ্রাম, কক্সবাজার, পটুয়াখালী ও বরগুনা জেলার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল এবং ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক কর্তৃক বদলীকৃত মামলাসমূহ বিচার ও নিষ্পত্তির জন্য State Acquisition and Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951)-এর section 145A-এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার সিনিয়র সহকারী জজ/সহকারী জজ-কে নিজ দায়িত্বে অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক এবং একই আইনের section 145B-এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার অতিরিক্ত জেলা জজ-কে নিজ দায়িত্বে অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক হিসেবে নিয়োগ প্রদান-সংক্রান্ত এ বিভাগ কর্তৃক গত ৩০-০৭-২০২৪ খ্রি. তারিখে নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-৬৪২ স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপনের মেয়াদ ০৩ (তিন) মাসের জন্য বর্ধিত করা হলো।

২। এ আদেশ ভূতাপেক্ষভাবে ১ নভেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ.এফ.এম. গোলজার মহম্মদ
উপসচিব (প্রশাসন-১)।

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বস্ত শাখা]

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২২ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/০৭ নভেম্বর, ২০২৪ খ্রি.

নং ৫১/২০২৪/কাস্টমস/৫০৭—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, আখাউড়া স্থল স্ক্রু স্টেশনে অবস্থিত মেসার্স বেলাজিও লি: (বস্ত লাইসেন্স নং- ০১/কাস-পিবিডব্লিউ/আখাউড়া/২০১৫, তারিখ: ০১-০৭-২০১৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

ক্রমিক নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০১.	সিগারেট, সিগার ও টোব্যাকো	৭০,০০০.০০
০২.	লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে)	১০,০০০.০০
০৩.	কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী	২,০০০.০০
০৪.	কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন আলকোহলিক বেভারাজেজ	৮৮,০০০.০০
	সর্বমোট =	(আটাত্তিশ হাজার) মার্কিন ডলার

তারিখ : ২৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/১০ নভেম্বর, ২০২৪ খ্রি.

নং ৫২/২০২৪/কাস্টমস/৫১২—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত মেসার্স এইচ. এম এন্টারপ্রাইজ নামীয় ডিউটি ফ্রি শপ (বস্ত লাইসেন্স নং- ০১/কাস-এসবিডব্লিউ/২০১৭, তারিখ: ১৯-০৩-২০১৭ খ্রি:) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

ক্র. নং	আমদানিকৃত পণ্য	২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০১.	সিগারেট ও তামাকজাত	৫,০০০.০০
০২.	মদ/লিকার (মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে)	৪০,০০০.০০
০৩.	কসমেটিক্স ও টয়লেট্রিজ	২,৫০০.০০
০৪.	খাদ্য সামগ্রী ও অন্যান্য	৫০,০০০.০০
	সর্বমোট =	(পঞ্চাশ হাজার) মার্কিন ডলার

এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বস্ত)।